# রংপুর সিটি কর্পোরেশন

সাধারণ শাখা

www.rpcc.gov.bd

স্মারক নং - ৪৬.১৮.০০০০.১০১.০২.০০১.২৪- ২৪৯

তারিখ ঃ ২৭ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ / ১১ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

## রংপুর সিটি কর্পোরেশনের সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এর ৫ম সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ মোস্তাফিজার রহমান
মেয়র
রংপুর সিটি কর্পোরেশন।

সভার তারিখ : ১২ জুন ২০২৪ ইং,

সময় : দুপুর-১১:৩০ ঘটিকায়।

সভার স্থান : রংপুর সিটি কর্পোরেশন সভাকক্ষ।

উপস্থিতি : উপস্থিত সদস্য বৃন্দের তালিকা "পরিশিষ্ট ক"

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ও আনুষ্ঠানিক পরিচয়-পর্ব সমাপনান্তে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির সম্মতিতে সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব উম্মে ফাতিমা সবাইকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এর সভায় উপস্থিতির ধন্যবাদ জ্ঞাপন করেন।

অত:পর সভার আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | পরিস্কার পরিচ্ছন্নতা ও গ্রীন সিটি হিসাবে গাছ লাগানোর ব্যবস্থাকরণ। | ১। জনাব খন্দকার ফকরুল আলম বেঞ্জু, সভাপতি, সুজন, বলেন রংপুর শ্যামাসুন্দরী ক্যানেল বিডি ক্লিনের মাধ্যমে পরিস্কার করা হয়েছে এটি ধরে রাখতে হবে।<br>তিনি গ্রীন সিটি হিসাবে শ্যামাসুন্দরী ক্যানেলের দুইপাশে ও অন্যান্য স্থানে পর্যাপ্ত গাছ লাগানোর প্রস্তাব করেন।<br>তিনি মেট্রোপলিটন পুলিশ ও সিটি পুলিশের সমন্বয়ে রাস্তা পরিস্কার ও যানজট নিরসনের বিষয়টি তদারকি করার জন্য বলেন।<br>এ ছাড়া তিনি মাহিগঞ্জ রেল ক্রসিং সড়কটি মেরামত করার জন্য মাননীয় মেয়র মহোদয়কে অনুরোধ করেন। সভাপতি উল্লিখিত বিষয়ের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১।শ্যামাসুন্দরী ক্যানেলের পরিস্কার পরিচ্ছন্নতা ধরে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। শ্যামাসুন্দরী ক্যানেলসহ অন্যান্য স্থানে এই বর্ষা মৌসুমে গাছ লাগানোর উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।<br>৩। মেট্রোপলিটন পুলিশ ও সিটি পুলিশের সমন্বয়ে রাস্তা পরিস্কার ও যানজট নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। মাহিগঞ্জ রেল ক্রসিং সড়কটি জরুরী সংস্কার করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | কঞ্জার্ভেন্সী শাখা অঞ্চল-১,২,৩ রংপুর সিটি কর্পোরেশন।<br>প্রকৌশল বিভাগ রংপুর সিটি কর্পোরেশন।<br>প্রশাসনিক বিভাগ রংপুর সিটি কর্পোরেশন।<br>প্রকৌশল বিভাগ রংপুর সিটি কর্পোরেশন। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | রাস্তার প্রশস্ততা ও ওয়ার্ড ভিত্তিক ট্রেড লাইসেন্স বৃদ্ধিকরণ। | জনাব ইমতিয়াজ আলম তাজ, সমাজ সেবক, বলেন রংপুর শহর মূলত একটি রাস্তার উপর নির্ভর করে গড়ে উঠেছে ফলে যানজট নিত্যদিনের সঙ্গী হয়েছে।এ অবস্থা থেকে পরিত্রাণ পেতে শাপলা চত্তর থেকে টার্মিনাল, সুপার মার্কেট থেকে কামার পাড়া এবং জাহাজ কোম্পানী মোড় হতে সাতমাথা পর্যন্ত চার লেন সড়ক করার প্রস্তাব উত্থাপন করেন। এ বিষয়ে সকলে একমত প্রকাশ করেন। মেয়র মহোদয় বরাদ্দ সাপেক্ষে সড়কসমূহ চারলেনে উন্নীত করা হবে মর্মে নির্দেশনা প্রদান করেন। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ সড়কসমূহ চারলেনে উন্নীত করা হবে। | প্রকৌশল শাখা |
| ৩ | শ্যামাসুন্দরী ক্যানেল পরিস্কার পরিচ্ছন্ন সমন্বিত রাখা ও সিটি কর্পোরেশনের রাজস্ব আদায় বৃদ্ধি। | সাংবাদিক জনাব জয়নাল আবেদীন, বলেন শ্যামাসুন্দরী ক্যানেল বিডি ক্লিনের মাধ্যমে যেভাবে পরিস্কার করা হয়েছে তা ধরে রাখতে হলে পার্শ্ববর্তী মালিকদের বাড়ীঘর থেকে যাহাতে ময়লা আবর্জনা ক্যানেলে না ফেলে সে বিষয়টি জোরালোভাবে মনিটরিং করার এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহন করার জন্য প্রস্তাব দেন। তিনি হোল্ডিং ট্যাক্স এর আওতা বৃদ্ধি করে রাজস্ব আয় বৃদ্ধির প্রস্তাব দেন। সভাপতি উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১। শ্যামাসুন্দরী ক্যানেল পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রচারনাসহ আইনানুগ ব্যবস্থা জোরদার করতে হবে।<br>২। সিটি কর্পোরশনের রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে বর্ধিত ওয়ার্ডসমূহ হোল্ডিং ট্যাক্সের আওতায় আনতে হবে। | কঞ্জার্ভেন্সী শাখা।<br>ও<br>ট্যাক্স শাখা<br>রংপুর সিটি কর্পোরেশন। |
| ৪ | রংপুরে ভলান্টিয়াদের মাধ্যমে শ্যামাসুন্দরী ক্যানেল পরিস্কার পরিচ্ছন্ন রাখার উদ্যোগ গ্রহণ করা প্রসঙ্গে। | জনাব মোঃ গোলাম সাজ্জাদ হায়দার স্বাধীন বলেন বিডি ক্লিন ছাড়াও রংপুরে ভলান্টিয়ার সদস্য প্রায় ৭০০ (সাতশত) জন রয়েছে। এসব সদস্যদের নিয়ে শ্যামাসুন্দরী ক্যানেল পরিস্কার পরিচ্ছন্ন রাখা ও শ্যামাসুন্দরী ক্যানেলের তীরবর্তী বসবাসরত মালিকদের নিয়ে নজরদারী কমিটি গঠনের প্রস্তাব পেশ করেন। | ভলান্টিয়ার সদস্যদের মাধ্যমে শ্যামাসুন্দরী ক্যানেল পরিস্কার করার বিষয়টি পরবর্তীতে ভলান্টিয়ার সদস্যদের সঙ্গে আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহন করতে হবে। | সচিব<br>রংপুর সিটি কর্পোরেশন। |
| ৫ | ধাপ ও সিও বাজার এলাকার বিসিকি শিল্প নগররীর হোল্ডিং ট্যাক্স নির্ধারণ ও অনাদায়ী বিল আদায়ের আলোচনা। | জনাব আমিনুর রহমান, কাউন্সিলর ১৬ নং ওয়ার্ড বলেন ধাপ এলাকার কিছু কিছু বিল্ডিং এর হোল্ডিং ট্যাক্সের বিলের টাকার পরিমাণের অসঙ্গতি মনে হয়েছে। পুনরায় সঠিকভাবে এসেসমেন্ট করা প্রয়োজন। এছাড়া সিও বাজার এলাকার বিসিক শিল্প নগরীর হোল্ডিং ট্যাক্স অনাদায়ী রয়েছে। কর্পোরেশনের রাজস্ব বৃদ্ধির জন্য বিসিক নগরীর সকল প্রতিষ্ঠানসমূহের হোল্ডিং ট্যাক্স আদায়ের উদ্যোগ গ্রহণ করতে হবে। সভাপতি কর শাখা প্রধানকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ধাপ এলাকার হোল্ডিং-গুলির পুনরায় এসেসমেন্ট করতে হবে এবং সিও বাজার এলাকার বিসিক শিল্প নগরীর হোল্ডিং ট্যাক্স আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | কর শাখা<br>রংপুর সিটি কর্পোরেশন। |
| ৬ | নক্সা বহির্ভূত ভবণ নির্মাণ, ভাষা চত্ত্বর সংস্কার। | অধ্যাপক মোহাম্মদ শাহ আলম বলেন নগরীতে নক্সা বহির্ভূত ভবণ নির্মাণ যেন না হতে পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে | ১। নক্সা বহির্ভূত ভবন নির্মাণের ক্ষেত্রে নজরদারী করতে হবে। | প্রকৌশল বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এবং আমাদের কেন্দ্রীয় শহীদ মিনার এর পিছনে ময়লা অবর্জনা পড়ে থাকে। পরিস্কার পরিচ্ছন্নতা ও ডাষ্টবিনের ব্যবস্থা গ্রহণ করার মতামত ব্যক্ত করেন। এছাড়া ভাষা চত্ত্বরের প্রাচীর ঘেষে দোকানগুলো অপসারণের জোর দাবী জানান। সভাপতি উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ২। কেন্দ্রীয় শহীদ মিনার পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে এবং চত্ত্বরের দোকানপাট অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ম্যাজিস্ট্রেসি শাখা কঞ্জার্ভেন্সী শাখা। রংপুর সিটি কর্পোরেশন। |
| ৭ | রাজস্ব আয় বৃদ্ধিকরণ। | জনাব ব্রজ কিশোর ত্রিপুরা, জাইকার কনসালটেন্ট বলেন রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে জাপানে প্রতিবছর ২টি করে প্রশিক্ষণ হয়ে থাকে। তিনি রংপুরে জনসম্পৃক্ততা বৃদ্ধির মাধ্যমে রাজস্ব আদায় বৃদ্ধির ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। সভাপতি রাজস্ব আদায় বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।<br>এছাড়া উন্নয়ন সংস্থাগুলির সাথে সম্পৃক্ত হয়ে রংপুর সিটি কর্পোরেশনের উন্নয়ন তরান্বিত করা যেতে পরে মর্মে তিনি উল্লেখ করেন।। | নাগরিক সম্পৃক্ততা বৃদ্ধির মাধ্যমে রাজস্ব আয় বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা রংপুর সিটি কর্পোরেশন। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন ও সবার সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

মোঃ মোস্তাফিজার রহমান
মেয়র
রংপুর সিটি কর্পোরেশন।
ফোন ঃ ০৫২১-৬৫১৮৬
ফ্যাক্স ঃ ০৫২১- ৫৫৯৬০
ই-মেইলঃ mayor@rpcc.gov.bd

স্মারক নং - ৪৬.১৮.০০০০.১০১.০২.০০১.২৪- তারিখ ঃ ১৪৩১ বঙ্গাব্দ / ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি ঃ
১। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
২। প্রধান রাজস্ব কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৩। প্রধান সম্পত্তি কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(চ:দা:), রংপুর সিটি কর্পোরেশন।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা(চ:দা:), রংপুর সিটি কর্পোরেশন।
৬। প্রশসনিক কর্মকর্তা(চ:দা:), রংপুর সিটি কর্পোরেশন।
৭। ................. শাখা, রংপুর সিটি কর্পোরেশন।
৮। সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির সদস্যবৃন্দ।
৯। সহকারী প্রোগ্রামার (ওয়েব সাইটে আপলোড) রংপুর সিটি কর্পোরেশন।
১০। অফিস নথি।

উম্মে ফাতিমা
পরিচিতি নং- ১৬৬৭৮
প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন
ই-মেইলঃ ceo@rpcc.gov.bd